শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৭.১৮. ৬৪২

তারিখ : ২৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ০৭নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়:** শুদ্ধসুরে জাতীয় সংগীত গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা-২০১৯ আয়োজন সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪২৩.২২.০০৩.১৮.১২৩, তারিখ: ৩০ অক্টোবর, ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে শুদ্ধসুরে জাতীয় সংগীত গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা-২০১৯ আয়োজনের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। পরিপত্র।

২। জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের ক্যালেন্ডার।

(মো: ফারুক হোসেন)
সহকারী সচিব
jstmed7@gmail.com

বিতরণ:
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন রোড,
লেবেল ০৩,৩৭/৩/এ রমনা, ঢাকা-১০০০

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০১.৩০.০০১.১৭-২৮৬

তারিখ: ১২.১১.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক(প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

বিতরণ:
১.অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া
২.জেলা শিক্ষা অফিসার (সকল) [তাঁর আওতাধীন মাদ্রাসায় উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
৩.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [তাঁর আওতাধীন মাদ্রাসায় উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
৪. অধ্যক্ষ/সুপার.............মাদরাসা, পোঃ............ উপজেলা.............জেলা.............

অনুলিপি:
১.সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২.অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০৩.১৮.১১৮

০৩ আশ্বিন ১৪২৫
তারিখ:--------------------
১৮ সেপ্টেম্বর ২০১৮

## পরিপত্র

বিষয়: **শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ এবং ২৬ মার্চ সারাদেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজন প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪(১) অনুচ্ছেদ এবং BANGLADESH NATIONAL ANTHEM, FLAG AND EMBLEM ORDER, 1972-এর Article-2 অনুসারে প্রজাতন্ত্রের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা'র প্রথম দশ চরণ। The National Anthem Rules, 1978-এ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে দিনের কার্যক্রম শুরু করার নির্দেশনা রয়েছে।

০২। শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে ২০১৮ সালের ন্যায় সরকার ২০১৯ সালেও দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃশ্রেণি প্রতিযোগিতার পর ইউনিয়ন, উপজেলা (পৌরসভাসহ), জেলা/সিটি করপোরেশন, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিটি পর্যায়ে শ্রেষ্ঠ দলকে পুরস্কৃত করা হবে।

০৩। দেশব্যাপী শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/মাঠ-পর্যায়ের অফিসসমূহ কর্তৃক অনুসরণের জন্য সরকার নিম্নরূপ নির্দেশাবলি জারি করছে:

(ক) জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা জানুয়ারি-মার্চ ২০১৯ সময়ে অনুষ্ঠিত হবে। কার্যক্রম শুরু করার সুবিধার্থে একটি সম্ভাব্য ক্যালেন্ডার সংযুক্ত করা হল **(পরিশিষ্ট-ক)।**

(খ) প্রতিযোগিতা তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। স্তর তিনটি হচ্ছে:

**(১) প্রাথমিক স্তর:** স্কুল ও মাদ্রাসায় প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত;

**(২) মাধ্যমিক স্তর:** স্কুল ও মাদ্রাসায় ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত এবং

**(৩) উচ্চ মাধ্যমিক স্তর:** কলেজ ও মাদ্রাসায় একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত।

(গ) আন্তঃশ্রেণি প্রতিযোগিতার মাধ্যমে এ প্রতিযোগিতা শুরু হবে। পর্যায়ক্রমে আন্তঃস্কুল/কলেজ/মাদ্রাসা, আন্তঃইউনিয়ন, আন্তঃউপজেলা (পৌরসভাসহ), আন্তঃজেলা/সিটি করপোরেশন এবং আন্তঃবিভাগ পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

(ঘ) এ প্রতিযোগিতায় সকল শিক্ষার্থীর (ছাত্র-ছাত্রীর) অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(ঙ) শুদ্ধভাবে জাতীয় সংগীত পরিবেশেন প্রতিযোগিতায় প্রতিটি স্তরে প্রতিটি দলে সদস্য সংখ্যা ১০(দশ) জন হবে।

(চ) এ প্রতিযোগিতায় ইউনিয়ন পর্যায়ে বিজয়ীদল উপজেলা পর্যায়ে, উপজেলা পর্যায়ে বিজয়ীদল জেলা পর্যায়ে, জেলা ও সিটি করপোরেশন প্রতিযোগিতায় বিজয়ীদল বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে বিজয়ীদল জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবে।

(ছ) এ প্রতিযোগিতায় স্কুল, কলেজ ও মাদ্রাসা প্রতিটি ক্ষেত্রে উপজেলা পর্যায়ে অংশগ্রহণের জন্য ইউনিয়নের সমন্বিত দল, জেলা পর্যায়ে অংশগ্রহণের জন্য উপজেলার সমন্বিত দল, বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য জেলার সমন্বিত দল এবং জাতীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য বিভাগের সমন্বিত দল গঠন করা যেতে পারে।

(জ) 'The National Anthem Rules, 1978' দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষাদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd)-এর **'নীতিমালা ও প্রকাশনা'** সেবা বক্সের আওতায় **'আইন ও বিধি'** লিংক-এ সংরক্ষিত বিধিমালাটি প্রিন্ট করে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঝ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সকল উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে তাদের স্ব স্ব দপ্তরসমূহকে এ কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয়ভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে অবিলম্বে যথাযথ নির্দেশনা প্রদান করবে। প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি), উপজেলা প্রশাসন ও জেলা প্রশাসনের সহায়তা গ্রহণ করবে।

(ঞ) বাংলাদেশ শিল্পকলা একাডেমির সরবরাহকৃত জাতীয় সংগীতের গীত ভার্সন মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের হোমপেজের উপরের দিকে প্রধান মেনুতে 'জাতীয় সংগীত' লিংক-এ আপলোড করা আছে। জাতীয় সংগীতের উক্ত ভার্সন অনুসরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

(ট) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন এটুআই প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দেশব্যাপী ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের মাধ্যমে প্রতিটি ইউনিয়নের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশনের সিডি/সফট ভার্সন সরবরাহ করার বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

(ঠ) তথ্য মন্ত্রণালয় ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতার কর্মসূচি সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। প্রতিযোগিতার সময়সূচি (Calender) এবং প্রতিটি পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠানের পর এ সম্পর্কিত সংবাদ প্রচার মাধ্যমসমূহে প্রচারের ব্যবস্থা করবে। প্রয়োজনে এক বা একাধিক টেলিভিশন ও বেতার চ্যানেলকে মিডিয়া পার্টনার হিসাবে গ্রহণ করা যেতে পারে। টেলিভিশন চ্যানেলগুলো তাদের স্ক্রলেও এ খবর প্রচার করতে পারে।

(ড) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ও ২৬ মার্চ তারিখে একযোগে দেশে ও বিদেশে জাতীয় সংগীত পরিবেশনের বিষয়টি সবাইকে অবহিত করতে মোবাইলে ক্ষুদেবার্তা (SMS) প্রেরণের ব্যবস্থা করবে। ক্ষুদেবার্তা যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারণ করে দিবে।

(ঢ) মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুসারে কেন্দ্রীয় পর্যায়, বিভাগ, জেলা ও উপজেলায় এ কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য অর্থ বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবে। যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন পর্যায়ে প্রয়োজনীয় অর্থ-ছাড় করা হবে। এ সংক্রান্ত বরাদ্দ মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেটে প্রতিফলিত হবে। পরবর্তী বছরগুলোতে নিয়মিতভাবে এ খাতে বাজেট বরাদ্দের ব্যবস্থা করা হবে।

(ণ) জাতীয় পর্যায়ে কর্মসূচির চূড়ান্ত প্রতিযোগিতা ১৮ মার্চ ২০১৯-এর মধ্যে সম্পন্ন করতে হবে। ২৬ মার্চ ২০১৯ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাধীনতা ও জাতীয় দিবসের সালাম গ্রহণকালে সারাদেশে ও প্রবাসে একযোগে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে এ কর্মসূচি সমাপ্ত হবে।

(ত) ২৬ মার্চ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জাতীয় সংগীত পরিবেশনকালে বিদেশস্থ বাংলাদেশ মিশনে প্রবাসীদের নিয়ে একযোগে জাতীয় সংগীত পরিবেশনের বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয় নিশ্চিত করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

(থ) জেলা প্রশাসক, ঢাকা ২৬ মার্চ ২০১৯ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের আমন্ত্রণপত্রে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি এবং প্রতিযোগিতায় পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত করবে এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচির আয়োজন করবেন। এ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বাংলাদেশ শিশু একাডেমি ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রয়োজনীয় সংখ্যক শিল্পীর রিহার্সাল ও উপস্থিতি নিশ্চিতকরণ এবং জাতীয় পর্যায়ে বিজয়ীদের উক্ত অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(দ) মন্ত্রিপরিষদ বিভাগ এ প্রতিযোগিতা পরিবীক্ষণের জন্য বিভিন্ন পর্যায়ের সাথে ভিডিও কনফারেন্স করবে।

৪। কর্মসূচিটি সফলভাবে বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় কমিটিসহ বিভিন্ন পর্যায়ে নিম্নরূপ কমিটিসমূহ গঠন করা হলো।

**(ক) উপদেষ্টা কমিটি:** দেশব্যাপী জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা এবং ২৬ মার্চ সারাদেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচির বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো।

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | – | সভাপতি |
| ২. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | | সদস্য |
| ৩. | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | – | সদস্য |
| ৪. | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | – | সদস্য |
| ৫. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | – | সদস্য |
| ৬. | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | – | সদস্য |
| ৭. | সচিব, অর্থ বিভাগ | – | সদস্য |
| ৮. | সচিব,জন নিরাপত্তা বিভাগ | – | সদস্য |
| ৯. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | – | সদস্য |
| ১০. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | – | সদস্য |
| ১১. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | – | সদস্য |
| ১২. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | – | সদস্য |
| ১৩. | সচিব, তথ্য মন্ত্রণালয় | – | সদস্য |
| ১৪. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | – | সদস্য |
| ১৫. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | – | সদস্য |
| ১৬. | অতিরিক্ত সচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) দেশব্যাপী জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদান;

(খ) ২৬ মার্চ দেশে এবং বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচির বিষয়ে দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদান;

(গ) প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা।

**(খ) কেন্দ্রীয় সমন্বয় কমিটি:** দেশব্যাপী কর্মসূচির সার্বিক সমন্বয়ের জন্য কেন্দ্রীয় পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো। এই কমিটি **'শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন সমন্বয় কমিটি'** নামে অভিহিত হবে।

| | | | |
|---|---|---|---|
| ১. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | – | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ | – | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | – | সদস্য |
| ৪. | প্রতিনিধি (মহাপরিচালকের নিম্নে নয়), প্রধানমন্ত্রীর কার্যালয় | – | সদস্য |
| ৫. | বিভাগীয় কমিশনার, ঢাকা | – | সদস্য |
| ৬. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), জনপ্রশাসন মন্ত্রণালয় | – | সদস্য |
| ৭. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), পররাষ্ট্র মন্ত্রণালয় | – | সদস্য |
| ৮. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | – | সদস্য |
| ৯. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), অর্থ বিভাগ | – | সদস্য |
| ১০. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), জন নিরাপত্তা বিভাগ | – | সদস্য |
| ১১. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | – | সদস্য |
| ১২. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | – | সদস্য |
| ১৩. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | – | সদস্য |
| ১৪. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | – | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৫. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), তথ্য মন্ত্রণালয় | – সদস্য |
| ১৬. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), স্থানীয় সরকার বিভাগ | – সদস্য |
| ১৭. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | – সদস্য |
| ১৮. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | – সদস্য |
| ১৯. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | – সদস্য |
| ২০. | জেলা প্রশাসক, ঢাকা | – সদস্য |
| ২১. | বাংলাদেশ শিশু একাডেমির একজন প্রতিনিধি (পরিচালকের নিম্নে নয়) | – সদস্য |
| ২২. | সংগীতে বিশেষজ্ঞ ০১ জন ব্যক্তি (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | – সদস্য |
| ২৩. | উপসচিব, বিধি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | – সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) কেন্দ্রীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনে সমন্বয়ের দায়িত্ব পালন;
(খ) বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
(গ) প্রতিটি পর্যায়ের প্রতিযোগিতার কর্মসূচি মাঠপর্যায়ে যুক্তিসঙ্গত সময়ান্তরে পরিদর্শন;
(ঘ) ২৬ মার্চ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন বিষয়ে সমন্বয় সাধন;
(ঙ) ২৬ মার্চ দেশে এবং বিদেশে একযোগ জাতীয় সংগীত পরিবেশন সমন্বয় সাধান;
(চ) প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা।

(গ) **বিভাগীয় কমিটি:** বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | – আহ্বায়ক |
| ২. | বিভাগীয় সদরের জেলা প্রশাসক | – সদস্য |
| ৩. | বিভাগীয় সদরের জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক | – সদস্য |
| ৪. | বিভাগীয় সদরের জেলা তথ্য কর্মকর্তা | – সদস্য |
| ৫. | বিভাগীয় সদরে অবস্থিত সরকারি কলেজের অধ্যক্ষ | – সদস্য |
| ৬. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা | – সদস্য |
| ৭. | উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা | – সদস্য |
| ৮. | বিভাগীয় সদরে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/প্রতিনিধি-০১ জন | – সদস্য |
| ৯. | সংগীতে বিশেষজ্ঞ ২ জন ব্যক্তি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | – সদস্য |
| ১০. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | – সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) বিভাগীয় পর্যায়ে জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজন এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ;
(খ) জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
(গ) জেলা ও সিটি করপোরেশন পর্যায়ের প্রতিযোগিতার কর্মসূচি যুক্তিসঙ্গত সময়ান্তরে পরিদর্শন;
(ঘ) প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা।

(ঘ) **জেলা কমিটি:** জেলা পর্যায়ে এ প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | – আহ্বায়ক |
| ২. | জেলা পর্যায়ে অবস্থিত কলেজের অধ্যক্ষ | – সদস্য |
| ৩. | জেলা শিক্ষা অফিসার | – সদস্য |
| ৪. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | – সদস্য |
| ৫. | জেলা কালচারাল অফিসার | – সদস্য |
| ৬. | সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি | – সদস্য |
| ৭. | জেলা তথ্য কর্মকর্তা | – সদস্য |
| ৮. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – সদস্য |

৯. জেলা পর্যায়ে অবস্থিত সরকারি বালক/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক – সদস্য
১০. জেলা পর্যায়ে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/প্রতিনিধি-০১ জন – সদস্য
১১. সংগীতে বিশেষজ্ঞ ২ জন ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) – সদস্য
১২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) – সদস্য-সচিব

**কমিটির কর্মপরিধি:**

(ক) জেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব পালন;
(খ) উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
(গ) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতার কর্মসূচি মাঠপর্যায়ে যুক্তিসঙ্গত সময়ান্তরে পরিদর্শন;
(ঘ) প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা।

(ঙ) **সিটি করপোরেশন কমিটি:** সিটি করপোরেশন এলাকায় প্রতিযোগিতাটি আয়োজনের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

১. অতিরিক্ত জেলা প্রশাসক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) – আহ্বায়ক
২. মহানগর পর্যায়ে অবস্থিত কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি-০১ জন – সদস্য
৩. জেলা শিক্ষা অফিসার – সদস্য
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার – সদস্য
৫. জেলা কালচারাল অফিসার – সদস্য
৬. সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি – সদস্য
৭. জেলা তথ্য অফিসার – সদস্য
৮. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা – সদস্য
৯. সিটি করপোরেশন এলাকায় অবস্থিত সরকারি বালক/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিনিধি-০১ জন – সদস্য
১০. সিটি করপোরেশন এলাকায় অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/প্রতিনিধি-০১ জন – সদস্য
১১. সংগীতে বিশেষজ্ঞ এক জন ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) – সদস্য
১২. সিটি কর্পোরেশনের প্রতিনিধি সদস্য
১৩. সিটি করপোরেশন এলাকায় বাংলাদেশ বেতারের প্রতিনিধি-০১ জন সদস্য
১৪. সহকারী কমিশনার (শিক্ষা) – সদস্য সচিব

**কমিটির কার্যপরিধি**

(ক) সিটি করপোরেশন এলাকায় জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব পালন;
(খ) সিটি করপোরেশন এলাকার প্রতিটি স্তরের শ্রেষ্ঠ দল বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণ করবে;
(গ) প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা।

(চ) **উপজেলা কমিটি:** উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগিতাটি আয়োজনের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

১. উপজেলা নির্বাহী অফিসার – আহ্বায়ক
২. উপজেলা পর্যায়ে অবস্থিত কলেজের অধ্যক্ষ – সদস্য
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার – সদস্য
৪. উপজেলা শিক্ষা অফিসার – সদস্য
৫. উপজেলা পর্যায়ে অবস্থিত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক – সদস্য
৬. উপজেলা পর্যায়ে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/প্রতিনিধি-০১ জন – সদস্য
৭. সংগীতে বিশেষজ্ঞ ২ জন ব্যক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) – সদস্য
৮. সহকারী কমিশনার (ভূমি) – সদস্য-সচিব

**কমিটির কর্মপরিধি:**

(ক) উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব পালন।
(খ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ছ) **জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন কমিটি:** জাতীয় পর্যায়ের জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজনের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হল:

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | | আহ্বায়ক |
| ২. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ৩. | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালকের নিম্নে নয়) | – | সদস্য |
| ৪. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) | | সদস্য |
| ৫. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ৬. | প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ৭. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ৮. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ৯. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ১০. | প্রতিনিধি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ১১. | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) | – | সদস্য |
| ১২. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | – | সদস্য |
| ১৩. | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | – | সদস্য |

**কমিটির কর্মপরিধি:**

(ক) জাতীয় পর্যায়ে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব পালন;
(খ) জাতীয় পর্যায়ে এ প্রতিযোগিতায় বিজয়ী দলকে পুরস্কার প্রদান সংক্রান্ত;
(গ) ২৬ মার্চ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু কিশোর সমাবেশে জাতীয় সংগীত পরিবেশন এবং পুরস্কার প্রদান;
(ঘ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৫। এমতাবস্থায়, শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে সরকার কর্তৃক দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনে সংশ্লিষ্ট সকলে যথাযথভাবে দায়িত্ব পালনে সচেষ্ট হবেন।

১৪.২.২০১৮

মোঃ সাইদুর রহমান
উপসচিব
বিধি অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৫৪৪৬
ই-মেইল: rules_sec@cabinet.gov.bd

বিতরণ *(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*:

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়।
৪. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি বিভাগ।
৫. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
৬. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশন (সকল)।
৯. জেলা প্রশাসক (সকল)।
১০. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ, উপজেলা/পৌরসভা, জেলা/সিটি করপোরেশন, বিভাগ ও জাতীয় পর্যায়ে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের সময়সূচি (Calendar):

| ক্রম | প্রস্তাবিত সময় | পর্যায় | কার্যক্রম | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ----- জানুয়ারি ২০১৯ (তারিখ পরবর্তীতে ঘোষিত হবে) | উন্নয়ন মেলা | জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতার প্রাথমিক ঘোষণা | উপজেলা/জেলা প্রশাসন, তথ্য মন্ত্রণালয় |
| ২. | ১০-২৮ জানুয়ারি, ২০১৯ | স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায় | আন্তঃশ্রেণি প্রতিযোগিতা | • প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>• মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>• কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>• সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৩. | ২৯ জানুয়ারি-০৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ইউনিয়ন পর্যায় | আন্তঃস্কুল, কলেজ ও মাদ্রাসা প্রতিযোগিতা | ঐ |
| ৪. | ০৭-১৩ ফেব্রুয়ারি, ২০১৯ | উপজেলা পর্যায় | আন্তঃইউনিয়ন প্রতিযোগিতা | উপজেলা নির্বাহী অফিসার |
| ৫. | ১৭-২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | জেলা পর্যায় | আন্তঃউপজেলা প্রতিযোগিতা | জেলা প্রশাসক |
| ৬. | ১৭-২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | সিটি করপোরেশন পর্যায় | সিটি করপোরেশনের অভ্যন্তরীণ প্রতিযোগিতা | |
| ৭. | ০২-০৮ মার্চ, ২০১৯ | বিভাগীয় পর্যায় | আন্তঃজেলা প্রতিযোগিতা | বিভাগীয় কমিশনার |
| ৮. | ১০-১৮ মার্চ, ২০১৯ | জাতীয় পর্যায় | চূড়ান্ত প্রতিযোগিতা | • মন্ত্রিপরিষদ বিভাগ<br>• বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৯. | ২৬ মার্চ ২০১৯ | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম থেকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাধীনতা দিবসের সালাম গ্রহণকালে সারাদেশে ও প্রবাসে একযোগে জাতীয় সংগীত পরিবেশনা | | মন্ত্রিপরিষদ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়/জেলা প্রশাসক, ঢাকা |

১৮.১.২০১৮